নিরাপত্তা

কখন, কোথায়, কেন ও কিভাবে?

উস্তাদ উসামা মাহমুদ হাফিজাহুল্লাহ

নিরাপত্তা: কখন, কোথায়, কেন ও কিভাবে?

-উস্তাদ উসামা মাহমুদ হাফিজাহুল্লাহ

অনুবাদ ও পরিবেশনা

AN-NASR

সূচিপত্র

(পূর্বকথা).....৪

কুরআনের আলোকে নিরাপত্তা ৬

হাদীস ও সীরাতের আলোকে নিরাপত্তা..... ৮

নিরাপত্তা বনাম তাওয়াক্কুল: সংঘাত না সমন্বয়.....১২

নিরাপত্তা ও গোপনীয়তা.....১৪

নিরাপত্তা সম্পর্কিত কিছু নির্দেশনা.....১৮

নিরাপত্তা সম্পর্কিত কয়েকটি নীতিমালা। ২১

নিরাপত্তা ও সতর্কতা..... ২৩

নিরাপত্তা ও মনোকষ্ট.....২৪

নিরাপত্তা কি শুধু নিজেকে বাঁচানোর জন্য?..... ২৬

নিরাপত্তা অবলম্বনকারীদের জন্য কয়েকটি নীতিমালা ২৯

১. নিজেকে বাঁচানো ও নিরাপত্তা ২৯

২. কাউকে অবজ্ঞা করা ও নিরাপত্তা ৩৪

৩. মিথ্যা বলা ও নিরাপত্তা ৩৫

সর্বশেষ আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় ৪১

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ.

الحمد لله رب العلمين، والصلوة والسلام على رسوله الكريم،

رَبِّ اشْرَحْ لِي صَدْرِي وَيَسِّرْ لِي أَمْرِي وَاحْلُلْ عُقْدَةً مِن لِّسَانِي ، يَفْقَهُوا قَوْلِي.

(পূর্বকথা)

আজ যে বিষয়টি নিয়ে আমরা আলোচনা করবো, সে বিষয়টি আমাদের আমল এবং জিহাদের বিবেচনায় খুবই গুরুত্বপূর্ণ। বিশেষকরে যে ময়দানে আমরা কাজ করছি; তার সূত্রে এটি সর্বাধিক গুরুত্বপূর্ণ। অথচ বিষয়টি নিয়ে আমাদের মাঝে উদাসীনতা ও সীমালঙ্ঘন উভয়টিই যথেষ্ট পরিমাণে বিদ্যমান। কেউ কেউ বিষয়টিকে মোটেই গুরুত্ব দেয় না! উল্টো এ কথা বলে যে, ভাই! এতে সাথীদের মন নষ্ট হবে এবং বহু সাথী মন খারাপ করবে। অন্যদিকে অনেকে নিরাপত্তার নামে এমন চূড়ান্ত পর্যায়ের সীমালঙ্ঘন করে যে, যেখানে মিথ্যা বলার কোন প্রয়োজন নেই, সেখানেও স্পষ্ট মিথ্যা বলে দেয়। কখনো আবার এমন কথাও বলে, যার কারণে অনেকের হৃদয় পুঁড়ে দগ্ধ হয়। তাই যতক্ষণ পর্যন্ত বিষয়টি সম্পর্কে আমাদের স্পষ্ট করণীয় কি? তা জানা না হবে, ততক্ষণ পর্যন্ত যেন বিষয়টিকে আমরা একেবারেই (গুরুত্বহীন) একটি সাধারণ বিষয় মনে না করি এবং এ নিয়ে যেন আমাদের জিহাদ ও পারস্পরিক সম্পর্ক ক্ষতিগ্রস্থ না হয়। কারণ পারস্পরিক সম্পর্ক ঠিক রাখা একান্তই জরুরী ও তা তাকওয়া অর্জনের (অন্যতম) মাধ্যম। সূরা আনফালের এক আয়াতে আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

فَاتَّقُوا اللَّهَ وَأَصْلِحُوا ذَاتَ بَيْنِكُمْ ... ﴿الأنفال: ١﴾

“অতএব, তোমরা আল্লাহকে ভয় কর এবং নিজেদের মাঝে বিদ্যমান পরস্পরিক সম্পর্ক সংশোধন কর।”(সূরা আনফাল : ১)

হযরত মাওলানা শফী রহ. বলেন, আল্লাহ তা‘আলা যে যে স্থানে বান্দাকে তাকওয়া অর্জনের নির্দেশ দিয়েছেন, সে সে স্থানে সেই নির্দেশের সাথে এমন কোন ইঙ্গিত বা ইশারাও দিয়ে দিয়েছেন, যার মাধ্যমে বান্দা তাকওয়া অর্জন করতে সক্ষম হবে। আল্লামা শাব্বীর আহমাদ উসমানী রহ. এর বক্তব্য আপনারা হয়তো পড়েছেন। তিনি বলেছেন, তাকওয়া একটি নূরানী অবস্থার নাম। উক্ত আয়াতের মাধ্যমে বুঝে আসে যে, তাকওয়া অর্জনের (অন্যতম) মাধ্যম হলো: পারস্পরিক সম্পর্ক ঠিক রাখা। যদি আপনি পারস্পরিক সম্পর্ক ঠিক রাখার চেষ্টা করেন, তাহলে আল্লাহ তা‘আলা আপনাকে তাকওয়া অর্জনের তাওফীক দিবেন। এ কারণে আমাদের সবার জন্য আবশ্যক হলো: পারস্পরিক সম্পর্ক ঠিক রাখা। যেন আমরা সবাই তাকওয়া অর্জন করতে পারি।

(মূল আলোচনা)

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ.

কুরআনের আলোকে নিরাপত্তা

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ইরশাদ করেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا خُذُوا حِذْرَكُمْ فَانفِرُوا ثُبَاتٍ أَوِ انفِرُوا جَمِيعًا ﴿النساء: ٧١﴾

"হে ঈমানদারগণ! তোমরা সতর্কতা অবলম্বন কর, অত:পর পৃথক পৃথক সৈন্যদলে কিংবা সমবেতভাবে (জিহাদে) বেরিয়ে পড়।"(সূরা নিসা : ৭১)

আল্লাহ তা'আলা যে যে স্থানে মু'মিনদেরকে জিহাদ করার নির্দেশ দিয়েছেন অথবা অন্য যে কোন বিধি-বিধান বর্ণনা করেছেন, সে সে স্থানে তার নিয়ম-পদ্ধতিও শিক্ষা দিয়েছেন। উক্ত আয়াতে আল্লাহ তা'আলা ঈমানদারদেরকে সম্বোধন করে দু'টি বিষয়ের প্রতি দিক-নির্দেশনা দিয়েছেন-

প্রথম বিষয় হলো- خُذُوا حِذْرَكُم অর্থাৎ সতর্কতা অবলম্বন কর, নিরাপত্তা নিশ্চিত কর।

দ্বিতীয় বিষয় হলো- فَانفِرُوا ثُبَاتٍ أَوِ انفِرُوا جَمِيعًا অর্থাৎ অত:পর পৃথক পৃথক সৈন্যদলে কিংবা সমবেতভাবে (জিহাদে) বেরিয়ে পড়।

উলামায়ে কেরামের নিকট (ف) অব্যয়টি পরবর্তী বুঝানোর জন্য আসে। তাই আয়াতটির মর্মার্থ হবে- প্রথমে নিরাপত্তা নিশ্চিত কর, তারপর আল্লাহর রাস্তায় জিহাদে বের হও, যুদ্ধ কর। অর্থাৎ নিরাপত্তার বিষয়টিকে যথাযথ গুরুত্ব দাও, তারপর জিহাদ কর।

অন্য আয়াতে আল্লাহ তা'আলা মু'মিনদের সম্পর্কে ইরশাদ করেছেন-

وَلْيَأْخُذُوا حِذْرَهُمْ وَأَسْلِحَتَهُمْ... ﴿النساء: ١٠٢﴾

"তারা যেন সতর্ক ও সশস্ত্র থাকে।" (সূরা নিসা : ১০২)

এভাবে কুরআনুল কারীমের কয়েক স্থানে আসহাবে কাহাফ (গুহার অধিবাসীগণ), হযরত মূসা (আ:) ও হযরত ইউসুফ (আ:) এর ঘটনা বর্ণিত হয়েছে। বিশেষভাবে আসহাবে কাহাফের ঘটনা অনেক আয়াতে নিরাপত্তা প্রসঙ্গে এসেছে। যা থেকে নিরাপত্তা অবলম্বনের গুরুত্ব বুঝে আসে। উদাহরণস্বরূপ বলা যায়- আসহাবে কাহাফ যখন ঘুম থেকে উঠে, তখন তাদের এক সঙ্গীকে বলেছিলো, বাজার থেকে খাওয়া-দাওয়ার জন্য কিছু নিয়ে আস। লক্ষণীয় বিষয় হলো: তারা তাদের সে সঙ্গীকে কি বলেছিলো? তাদের সে সঙ্গীকে তারা যা বলেছিলো, তা আমাদের জন্যও প্রযোজ্য। কারণ, আমাদের মনে করা উচিত যে, আমরাও তো এ যুগের আসহাবে কাহাফ। (আল্লাহ তা'আলা আমাদের সকলকে কবুল করুন। আমীন) আমরা যদি আমাদের কোন সঙ্গীকে (বর্তমানেও) বাজারে পাঠানোর সময় সে শব্দগুলোই বলি, তবে তা মোটেও ভুল হবে না। কারণ, তারা তাকে যা বলেছিলো, বর্তমানে তা (তাদের মত) আমাদেরও বলা প্রয়োজন। তাদের সে উক্তিটি আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে এভাবে উল্লেখ করেছেন যে, তারা তাদের সে সঙ্গীকে বলেছিলো-

وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا ﴿الكهف: ١٩﴾

"সে যেন নম্রতা সহকারে যায় ও কিছুতেই যেন তোমাদের খবর কাউকে না জানায়।" (সূরা কাহাফ : ১৯)

অর্থাৎ নম্রভাবে কথা বলবে, সতর্কতার সাথে কথা বলবে। এমন কোন কথা বলবে না, যা থেকে অন্যরা আমাদের মূল পরিচয় জেনে যেতে পারে।

আমরা কত জায়গায় যাই- শহরে যাই, এদিক-সেদিক যাই, তা সত্ত্বেও আমাদের সতর্ক থাকতে হবে। তারা যেন আমাদের মূল সম্পর্কে জানতে না পারে। মূল মানে আমাদের কার্যক্রম। কারণ তারা যদি আমাদের মূল তথা কার্যক্রম সম্পর্কে জেনে যায়, তাহলে আমাদের ক্ষতি করবে। আমাদের কি ক্ষতি করবে ? আয়াতের পরবর্তী অংশে আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

إِنَّهُمْ إِن يَظْهَرُوا عَلَيْكُمْ يَرْجُمُوكُمْ أَوْ يُعِيدُوكُمْ فِي مِلَّتِهِمْ وَلَن تُفْلِحُوا إِذًا أَبَدًا ﴿الكهف: ٢٠﴾

“তারা যদি তোমাদের খবর জানতে পারে, তবে পাথর মেরে তোমাদেরকে হত্যা করবে, অথবা তোমাদেরকে তাদের ধর্মে ফিরিয়ে নেবে। তাহলে তোমরা কখনই সাফল্য লাভ করবে না।”(সূরা কাহাফ : ২০)

অর্থাৎ ওরা যদি তোমাদের সম্পর্কে জেনে ফেলে يَرْجُمُوكُمْ তবে তোমাদেরকে পাথর মেরে হত্যা করবে। এর পরবর্তী অংশে আরও বলেন- أَوْ يُعِيدُوكُمْ فِي مِلَّتِهِمْ অথবা তোমাদেরকে ফিরিয়ে নিবে ওদের ধর্মে। আল্লাহ না করুন! তখন তোমরা নিজেদের ধর্ম ছেড়ে দিবে।

আল্লাহ না করুন! আল্লাহ না করুন! একজন মুজাহিদ যখন গ্রেফতার হয়। তখন সে কত বড় মুসিবত এবং পরীক্ষার সম্মুখীন হয়! আয়াতের পরবর্তী অংশে আল্লাহ তা‘আলা আরও বলেছেন- তোমরা যদি তাদের ধর্মে ফিরে যাও وَلَن تُفْلِحُوا إِذًا أَبَدًا তাহলে তোমরা আর কিছুতেই সফলকাম হবে না।

তাই আমাদের সাথীদের উদ্দেশ্যে আমাদের একটাই কথা- وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا নম্রভাবে কথা বলবে, সতর্কতার সাথে কথা বলবে। এমন কোন কথা বলবে না, যা থেকে অন্যরা আপনাদের মূল পরিচয় জেনে যেতে পারে।

কোন সাথী গ্রামে যেতে চাইলে তাকে বলবে وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا খানা দেয়ার সময় বলবে وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا প্রভৃতি।

হাদীস ও সীরাতের আলোকে নিরাপত্তা

আপনি যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র সীরাতের দিকে দৃষ্টি দেন, তাহলে তাতে দেখতে পাবেন যে, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মানুষকে আল্লাহর দিকে আহ্বান করা শুরু করেছেন এবং ইসলামের সূচনালগ্নে দাওয়াতের

কাজ আরম্ভ করেছেন, তখন সে কাজ গোপনে করেছেন না প্রকাশ্যে? নিশ্চয় গোপনে। এক আয়াতে আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

قُوا أَنفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا ... ﴿التحريم: ٦﴾

"তোমরা নিজেদেরকে এবং পরিবার-পরিজনদেরকে জাহান্নামের আগুন থেকে রক্ষা কর।"(সূরা তাহরীম : ০৬)

আয়াত থেকে বুঝে যাচ্ছে- ইসলামের সূচনাকালে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দাওয়াতি কাজ ছিল গোপনে। এ দাওয়াতি কাজ এতটাই গোপনে ছিল যে, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পৃথক পৃথকভাবে এক একজনের কাছে দাওয়াত নিয়ে গেছেন। এমনিভাবে ইসলামের সূচনাকালে যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় সাহাবাদের সাথে সাক্ষাতের ইচ্ছা করতেন, তখন তিনি দারে আরকাম অর্থাৎ হযরত আরকাম রাযি. এর ঘরে সবার সাথে একত্রিত হতেন। সে সময় আরকাম রাযি. এর বয়স ছিলো (মাত্র) ১২ বছর। অন্য অনেক সাহাবীর ঘর থাকা সত্ত্বেও কেন তিনি এত স্বল্প বয়সী ছাহাবীর ঘর দারে আরকামকে নির্বাচন করলেন? এ প্রসঙ্গে প্রথম লক্ষনীয় বিষয় হলো: আরকাম রাযি. এর ঘরটি আবু জাহালের ঘরের একেবারেই নিকটে ছিলো। তাঁর ঘরটি আবু জাহালের ঘরের একেবারেই নিকটে হওয়ায় আবু জাহাল এদিক-ওদিকের খোঁজ-খবর রাখলেও তার খবরই ছিল না যে, তার শত্রুরা তার ঘরের নিকটেই এসে একত্রিত হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সাহাবাদের সাথে সেখানে একত্রিত হতেন; সীরাতের কিতাবে এসেছে- তখন সেখানেও তিনি তাদের সাথে কানাঘুষা করে, চুপিসারে কথা বলতেন। যেন আওয়াজ দূরে না যায় এবং শত্রুরা বুঝতে না পারে।

হযরত রাসূলে সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীক্ষাপ্রাপ্ত সাহাবীদের মধ্যে অন্যতম ছিলেন হযরত আনাস রাযি.। তিনি ছিলেন একদম ছোট একটি বাচ্চা। তথাপি তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে থাকতেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বিভিন্ন কাজে পাঠাতেন। একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে কোন এক কাজে

কোথাও পাঠিয়েছেন। ঘরে ফিরে আসার পর তার মা তাকে বলল, বাবা! এত দেরী করে ঘরে ফিরেছো কেন? তিনি বললেন, আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটা কাজে পাঠিয়ে ছিলেন। মা বলল, তিনি কোন কাজে তোমাকে পাঠিয়ে ছিলেন? তিনি বললেন, মা! আমি আপনাকে সে কাজটির কথা বলতে পারব না।

এ সম্পর্কিত আরও একটি ঘটনা- "একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও হযরত আবু বকর ছিদ্দীক রাযি. মক্কার মুশরিকগণ কর্তৃক নির্যাতনের স্বীকার হন। যার ফলে হযরত আবু বকর রাযি. বেহুশ হয়ে পড়েন। হুশ ফেরার পর তিনি তাঁর মাকে ডেকে বললেন, মা! আপনি গিয়ে হযরত উমর রাযি. এর বোনকে জিজ্ঞাসা করুন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কেমন আছেন? তাঁর মা গিয়ে হযরত উমর রাযি.এর বোনকে জিজ্ঞাসা করলেন। তখন হযরত উমর রাযি. এর বোন বললেন, তাঁর সম্পর্কে আমি কি জানি? এভাবে বলার কারণ ছিল, হযরত উমর রাযি. এর বোন নিশ্চিত ছিলেন না যে, হযরত আবু বকর রাযি. এর মাকে বললে নিরাপত্তা বিঘ্নিত হবে কিনা। যখন হযরত আবু বকর রাযি. এর মা বলল, কথাটি আবু বকর-ই জিজ্ঞাসা করেছে। তখন হযরত উমর রাযি. এর বোন বলল, আচ্ছা! ঠিক আছে। তাহলে আমাকে তাঁর কাছে নিয়ে চলুন। যখন সে তাকে হযরত আবু বকর রাযি. এর নিকট নিয়ে গেল, তখন হযরত আবু বকর রাযি. তাকে জিজ্ঞাসা করল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কেমন আছেন? উত্তরে চুপিসারে তিনি বললেন, আপনার মা আমার পিছন থেকে আমাদের কথা শুনছেন! হযরত আবু বকর রাযি. বললেন, কোন অসুবিধা নেই। তিনি বললেন, তাহলে ঠিক আছে, এবার শুনুন।" এমনি ছিল তাদের নিরাপত্তা।

বাইয়াতে আকাবার ঘটনাটি সবার জানা থাকার কথা। যখন আনসারগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসতেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে তাদের সময় দিতেন এবং বলতেন, খেয়াল রাখবেন মক্কার মুশরিকগণ যেন বিষয়টি জানতে না পারে। সে জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাত্রিবেলায় তাদের সময় দিতেন।

রাতের শেষ প্রহরে সবাই এসে একত্রিত হতো। যেহেতু আনসারগণ সংখ্যায় অধিক ছিল, তাই দু'জন দু'জন করে এসে তাঁর সাথে সাক্ষাত করে ভোরবেলা সূর্যের আলো কিরণ ছড়ানোর পূর্বেই ফিরে যেতো।

আরো দেখুন! "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি যখন হিজরতের নির্দেশ আসে। তখন তিনি হযরত আবু বকর সিদ্দিক রাযি. এর ঘরে (একটু বেশী) যাতায়াত শুরু করেন। এমনকি তিনি হযরত আবু বকর রা. এর ঘরে যাওয়ার জন্য একটা সময়ও নির্ধারণ করে নেন। সেই সময়টি ছিল ঠিক দুপুর বেলা; যখন সবাই ঘুমিয়ে থাকত। (তাই আজও যদি আমরা কোন ঘরে একত্রিত হই, তাহলে বের হওয়ার জন্য একটা সময় নির্ধারণ করে নেব যে, আমরা কখন বের হব।) যাওয়ার সময় চেহারায় চাদর টেনে নিতেন, যেন কেউ তাকে চিনতে না পারে। সেখানে পৌঁছার পর কোন একটি কামরায় যেতেন। কামরায় ঘরের কেউ থাকলে তিনি তাকে বলতেন, তাঁর সাথে আমার একটু একান্ত আলাপ ছিল। ঘরের মানুষটি যখন বেরিয়ে যেতো এবং হযরত আবু বকর রাযি. বসতেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথে হিজরতের ব্যাপারে কথা বলতেন যে, আমাকে হিজরতের হুকুম দেওয়া হয়েছে। ইত্যাদি" এমনি ছিল তাদের নিরাপত্তা। আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে নিরাপত্তা অবলম্বনের তাওফীক দান করুন। (আল্লাহুম্মা আমীন)

হযরত আলী রাযি. কে নিজের বিছানায় শোয়ানো ও রাতে বের হওয়া, এসবই ছিল নিরাপত্তার অংশ। এছাড়া আরও যত প্রস্তুতি; তা সবই নিরাপত্তার অংশ ছিল।

আরো লক্ষ্য করুন! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হিজরত করতে বের হয়েছিলেন, তখন কি মক্কার উদ্দেশ্যে বের হয়েছিলেন নাকি মদিনার? অবশ্যই মদিনার উদ্দেশ্যে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হিজরত করবেন মদিনায়। কিন্তু মদিনার পথে না গিয়ে গারে সাওরের পথে যান। আর গারে সাওর মদিনার পথে নয়। বরং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদিনার পথ সম্পূর্ণ ছেড়ে দিয়ে ভিন্ন পথ গ্রহন করেন। আর এমনভাবে সেখানে গিয়েছিলেন যে, কেউ ধারণাও করতে পারবে না যে, এ দিকে তিনি

গিয়েছেন। তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনার পথে না গিয়ে ভিন্ন পথে গারে সাওরে পৌঁছালেন এবং সেখানে কিছু কাল অবস্থান করলেন। তারপর তিনি মদিনার পথে যান। একেই বলে নিরাপত্তা।

নিরাপত্তা বনাম তাওয়াক্কুল: সংঘাত না সমন্বয়

(নিরাপত্তা প্রসঙ্গে এসে) অনেক সময় আমরা তাওয়াক্কুলের কথা বলি যে, আমাদের সবার তাওয়াক্কুল করা উচিত। অথচ আমরা কি চিন্তা করে দেখেছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর একজন নবী ছিলেন। আল্লাহর সাহায্য ও নেগরানীতে, আল্লাহর পরিপূর্ণ সন্তুষ্টির জন্যই তিনি কাজ করেছেন। অথচ আমাদের কত গোনাহ, ভুল-ত্রুটি। তাঁর সীরাত নিয়ে আপনি যত চিন্তা করবেন, দেখবেন- এত কিছুর পরেও তিনি নিরাপত্তা অবলম্বন করেছেন। উম্মতের জন্য এতে অনেক বড় শিক্ষা রয়েছে, আর তাওয়াক্কুলের মর্মও এটিই। আল্লাহ তা'আলার পক্ষ থেকে নির্দেশ এসেছে- خُذُوا حِذْرَكُم "তোমরা (নিরাপত্তার জন্য) সব ধরণের উপায়-উপকরণ অবলম্বন কর।" তাই তিনি নিরাপত্তা ও সতর্কতার কোন উপকরণ বাদ দেননি বরং নিরাপত্তার জন্য যত ধরণের উপায়-উপকরণের প্রয়োজন ছিল, সবই তিনি অবলম্বন করতেন।

আমাদের অবস্থা এমন যে, আমরা যদি কোন এক কাজ সম্পর্কে অবগত হই। তখন জিজ্ঞাসা করি, এখানে কি আল্লাহর মদদ আছে? আমি বলি, আল্লাহর মদদ ও সাহায্য আল্লাহর বিধান পালন এবং শরীয়তের অনুসরণ-অনুকরণের সাথে সম্পৃক্ত। শরীয়তের নির্দেশ خُذُوا حِذْرَكُم "তোমরা (নিরাপত্তার জন্য) সব ধরণের উপায়-উপকরণ অবলম্বন কর।" যখন আপনি শরীয়তের নির্দেশ অনুযায়ী কাজ করবেন, জিহাদের দিকে অগ্রসর হবেন, তখন আল্লাহ্

তা'আলার পক্ষ থেকে মদদ আসবেই। এজন্য এ বিষয়টি আমাদের স্মরণ রাখা উচিত যে, উপায়-উপকরণবিহীন তাওয়াক্কুল বস্তুত: (শরয়ী) তাওয়াক্কুলই নয়। এ ধরণের তাওয়াক্কুল আল্লাহর দরবারে আমাদের জবাবদিহিতার কারণ হতে পারে। তাই আল্লাহ তা'আলার সামনে যখন আমরা উপস্থিত হব, তখন আল্লাহ না করুন! যদি আমরা এ মর্মে জিজ্ঞাসিত হই যে, তোমরা কেন উপায়-উপকরণ অবলম্বন করোনি? তখন আমরা কি জবাব দিব? তাই পুনরায় বলছি- আল্লাহ তা'আলার হুকুমের কারণেই মানুষ উপায়-উপকরণের মুখাপেক্ষী। একটি কথা মনে রাখি- আল্লাহ তা'আলার দু'টি নিয়ম রয়েছে। যথা: **এক.** শরীয়ত **দুই.** তাকবিনী। তো আল্লাহ তা'আলা তাঁর বান্দাদেরকে দুটোই গ্রহন করার আদেশ দিয়েছেন।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাত থেকে আমরা সুস্পষ্টভাবে বুঝতে পারি যে, তাওয়াক্কুল হলো: উপায়-উপকরণ অবলম্বন করার পর ফলাফল লাভের বিষয়টি আল্লাহর উপর অর্পণ করা। ফলাফলের জন্য মোটেও মন খারাপ না করা। কারণ হাদিসে এসেছে- তোমরা উপায়-উপকরণ অবলম্বন কর। যেহেতু ফলাফল লাভের বিষয়টি মানুষের হাতে নয়; বরং আল্লাহর হাতে, তাই আল্লাহর উপরই বিষয়টি ছেড়ে দাও। তাছাড়া উপায়-উপকরণ ব্যবহারের নির্দেশ স্বয়ং আল্লাহ তা'আলা আমাদেরকে দিয়েছেন এবং রাসূলের সীরাত থেকে ও বিষয়টি পরিস্কার যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বক্ষেত্রে উপায়-উপকরণ অবলম্বন করেতন। উদাহারণস্বরূপ যুদ্ধে যাওয়ার সময় লৌহ বর্ম পরিধান করা, সওয়ার হওয়ার অবস্থাদি, খানা-পিনার হালাতসমূহ এবং সফরের সময় নিরাপত্তা অবলম্বন করা। যেমন যুদ্ধে যাওয়ার সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ পরিমাণ সতর্কতা অবলম্বন করতেন যে, পূর্ব দিকে যাওয়ার ইচ্ছা থাকলে (প্রথমেই পূর্ব দিকে না গিয়ে) পশ্চিম দিক থেকে সফর শুরু করতেন। যেন সেখানে কোন গোয়েন্দা থাকলে, তার পক্ষে সঠিক কোন তথ্য দেওয়া সম্ভব না হয়। এ সবই ছিল উপায়-উপকরণ অবলম্বনের আদর্শ নমুনা।

আরও দেখুন! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় সাহাবীদেরকে কেমন তারবিয়ত করেছেন? যা আজও আমাদের জন্য অনুসরণীয় আদর্শ। তিনি এক সাহাবীকে কিভাবে তারবিয়ত করেছেন তার নমুনা দেখুন- "জনৈক সাহাবী নিজ উষ্ট্রি না বেধে ছেড়ে দিয়ে রাসূলের কাছে এসে বলল। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমি আল্লাহর উপর তাওয়াক্কুল করে তারই কাছে আমার উষ্ট্রিটিকে সোপর্দ করে ছেড়ে দিয়ে এসেছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, না! (এটা তাওয়াক্কুল নয়)। বরং তুমি প্রথমে গিয়ে উষ্ট্রিটিকে বাধ, তারপর আল্লাহর উপর তাওয়াক্কুল কর।" এটাই হলো প্রকৃত তাওয়াক্কুল।

নিরাপত্তা ও গোপনীয়তা

ভাইয়েরা আমার! আরও দেখুন! রাসূল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শুধু স্বীয় আদর্শ দিয়ে নিরাপত্তা শিখিয়েছেন বিষয়টি এমন নয়। বরং বিষয়টি কুরআনেও এসেছে (যার আলোচনা পূর্বে গত হয়েছে)। অন্যদিকে রাসূল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাদিসে বলেছেন-

إستعينوا على قضاء الحوائج بكتمانها أو إستعينوا على قضاء الحوائج بالكتمان

"তোমরা তোমাদের হাজত পূর্ণ করার সময় গোপনীয়তা অবলম্বন কর।"

এ থেকে বুঝে আসে যে, যখন তোমরা কোন কাজ করতে চাও, তা গোপন রাখ- চাই সেটি জিহাদী কাজ হোক বা অন্য কোন কাজ। আমাদের সব কাজই তো জিহাদী কাজের অংশ। কোন কাজই জিহাদী কাজের আওতামুক্ত নয়। এই জন্য একজন আমাদেরকে খানা-পিনা ও ঘরোয়া বিষয়াদীর ব্যাপারেও সতর্ক থাকতে হবে। কারণ, আমাদের খানা-পিনা সংক্রান্ত কোন ধরণের অসতর্কতার কারণে দুশমনের কাছে তথ্য চলে যেতে পারে। যেমন, এই ঘরে এই

এই সামানা যাচ্ছে, অথচ ঘরওয়ালারা এই সামানা ব্যবহার করে না। তাহলে মনে হয়, তাদের ঘরে মুহাজির রয়েছে। এই ধরনের সংবাদ তাদের কাছে যাওয়ার দ্বারা আমাদের কি পরিমাণ ক্ষতির সম্ভাবনা রয়েছে? কত ধরণের সমস্যার সম্মুখীন হওয়া লাগবে? তাই আমাদের পুরো যিন্দেগী-ই জিহাদের অন্তর্ভুক্ত। সুতরাং বিল কিতমান তথা গোপনীয়তার বিষয়টি সকল মুসলমানদের জন্যই প্রযোজ্য।

অন্য হাদিসে এসেছে- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বয়ং ইরশাদ করেছেন- فإن كل ذى نعمة محصود "নিশ্চয় প্রত্যেক নেয়ামতের অধিকারী ব্যক্তিকে হিংসার শিকার হতে হয়।" শয়তান অন্যের মনে তার প্রতি হিংসা সৃষ্টি করে। এ কারণে আপনি যদি আল্লাহ তা'আলার পক্ষ থেকে কোন নেয়ামত প্রাপ্ত হন, তাহলে যেহেতু কুরআনে আছে- وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ﴿الضحى: ١١﴾ "এবং আপনার পালনকর্তার নেয়ামতের কথা প্রকাশ করুন।"(সূরা দোহা : ১১) সে হিসেবে আপনিও বর্ণনা করতে পারেন। কিন্তু খেয়াল রাখতে হবে, যখন কোন নেয়ামত অর্জনে সময় ব্যয় হয় এবং তা গোপন রাখার মধ্যে কোন সমস্যা না থাকে বরং উপকারিতা থাকে, তখন তা গোপন রাখাই উত্তম।

আরও একটি বিষয় দেখুন! অনেক সময় আমাদের মাঝে যখন কথোপকথন হয়, কোন এক সাথী দু'একটি কথা বললে দেখা যায় তৃতীয় কোন সাথী তা শুনতে থাকে। অথবা যখন কারো কোন চিঠি আসে, তখন আমরা সেই চিঠিকে চূড়ান্ত পর্যায়ের কোন শরয়ী প্রয়োজন বা জিহাদী প্রয়োজন ব্যতিরেকেই খুলে দেখি। আমরা খুলব না, ইনশা আল্লাহ। তবে আমি শুধু মাসআলাটি বর্ণনা করছি। কারণ তা অনেক বড় গুনাহ।

দেখা যায়- কোন সাথী কম্পিউটারে কিছু লিখছে, অন্য সাথী উঁকি মেরে দেখে; সে কি লিখছে? অথবা যিম্মাদার বা যিম্মাদার নয় এমন দু'জন মুজাহিদ সাথী পরস্পর কথা বলছে; জিহাদী বিষয়ে বা অন্য কোন বিষয়ে অথবা কোন জায়গায় স্থানান্তর হওয়া প্রসঙ্গে। তৎক্ষনাৎ শয়তান আমাদের কাছে এসে উপস্থিত হয় ও খুব বেশী ওয়াসওয়াসা দিতে থাকে। শয়তান

বলে, একটু ওদিকে কান দাও... এমনটিই হয়। এটাও এক প্রকার গোপন বিষয় অনুসন্ধান। আর গোপন বিষয় অনুসন্ধান করতে আল্লাহ তা'আলা নিষেধ করেছেন। তিনি ইরশাদ করেছেন-

وَلَا تَجَسَّسُوا... ﴿الحجرات: ١٢﴾ "আর তোমরা কারো গোপন বিষয় অনুসন্ধান করো না।"(সূরা হুজুরাত : ১২)

তাহলে বুঝা গেল, কারো গোপন বিষয় অনুসন্ধান করা নিষেধ। কিন্তু যখন একটা ঘটনা ঘটে, তখন জরুরী ভিত্তিতে কান সে দিকে খাড়া হয়ে যায়। অন্য দিকে তাকালেও কান সেদিকেই পড়ে থাকে। এদিকে আমি কাজ করছি বা কিতাব দেখছি, কিন্তু কান সে দিকেই পড়ে আছে। এভাবে আমার কাছে অনেক তথ্য একত্রিত হয়। আর যখন আমার কাছে তথ্যগুলো একত্রিত হয়, আল্লাহ না করুন! আল্লাহ না করুন!! আল্লাহ না করুন!!! যদি আমার গ্রেফতারীর পরীক্ষা চলে আসে, তখন কি অবস্থা হবে? কারণ আমরা সবাই জানি, যখন কেউ গ্রেফতার হয়, তখন তাকে বড় একটা ডায়েরী দেওয়া হয়। আর বলা হয়, জিহাদী কাজে তোমার যতটুকু সময় অতিবাহিত হয়েছে এবং সে সময়ে যত তথ্য তোমার কাছে রয়েছে, সেসব তথ্য এখানে লিখে দাও। তখন সে তার জিহাদী জীবনের যত স্মৃতি আছে, সব সেখানে লিখে দেয়। তার স্মরণে যা ছিলো তা লিখে দেয়ার পর যখন সে বলে, আমার স্মরণে যা ছিলো, তার সব আমি লিখে দিয়েছি। তখন পুনরায় তাকে বাধ্য করা হয় যে, তোমার আরো যা যা স্মরণ হয়, তাও লিখ। যখন এ তথ্যগুলো তাদের হাতে চলে যায়। তখন বলা হয়, তুমি তো অমুকের সাথে ছিলে, অমুক থেকে যা শুনেছে তাও লিখ।

আমার ভাইয়েরা! আপনারা যত কথা শুনছেন, তা সবই আমানত। এটা জিহাদের আমানত। এ কারণে আমি যদি তখন বলি যে, আমি অমুক জায়গায় বসা ছিলাম। আমার পাশে দু'ব্যক্তি একথা বলছিল, আর আমি তা শুনছিলাম... এভাবে তখন স্মৃতিতে যা আসে, আমি যদি তাদের সব বলে দেই, তখন কি হবে? জিহাদের ক্ষতি হবে। অতিমাত্রার কঠোরতার কারণে

সেখানে আপনি লিখতে বা বলতে বাধ্য হবেন। এ বিষয়ে হযরত আম্মার ইবনে ইয়াসার রাযি. এর একটি ঘটনা আমাদের সামনে আছে। অতিমাত্রার কঠোরতার কারণে হয়তো আপনার জন্য গোপন তথ্য প্রকাশ করা বৈধ হবে। কিন্তু এতে জিহাদের ক্ষতি হবে বা সমূহ ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ জন্যই যদি আপনি কান লাগিয়ে এমন কথা শুনেন, যা আপনার কোন কাজে আসবে না। বরং যদি আপনি সে দিকে কান না দেন, তারপরও আপনার জিহাদ এবং যিন্দেগী খুব আরামে কাটবে। তথাপি যদি শুধু শুধু অপরের দোষ অনুসন্ধানের প্রতি আগ্রহের কারণে তার কথা শুনে থাকেন, তাহলে অবশ্যই আল্লাহর নিকট আপনি জবাবদিহিতার সম্মুখীন হবেন।

হাদিসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন- (এ ব্যাপারে এই হাদিস অত্যন্ত ভীতিকর অবস্থার বর্ণনা দেয়)

وَمَنِ اسْتَمَعَ إِلَى حَدِيثِ قَوْمٍ وَهُمْ لَهُ كَارِهُونَ ، صُبَّ فِي أُذُنَيْهِ الآنُكُ يَوْمَ القِيَامَةِ... رواه البخاري

“যে ব্যক্তি কোন সম্প্রদায়ের কথা কান লাগিয়ে শুনে, অথচ তারা চাচ্ছেনা যে বিষয়টি ঐ ব্যক্তি শুনুক। তাহলে কিয়ামতের দিন তার কানে গলিত সিসা ঢেলে দেওয়া হবে।” (বুখারী)

ধরুন- দু’জন লোক কথা বলছে। আর তৃতীয় জন তাদের কথা শুনছে, অথচ তারা তা অপছন্দ করছে, এরপরেও সে শুনেছে। তাহলে কিয়ামতের দিন তার কানে গলিত সিসা ঢেলে দেয়া হবে। এটা কত বড় মারাত্মক বিষয় যে, সিসা গলিয়ে এমন ব্যক্তির কানে ঢেলে দেয়া হবে! তার কারণ, তারা দু’জন যখন কথা বলছে, তখন তৃতীয় ব্যক্তি তা শুনুক, তারা তা চায়নি। বিষয়টি একেবারেই তাদের নিজস্ব। কিন্তু এই লোক শুনেছিলো। অন্যদিকে চিঠি সম্পর্কিত তার কোন যিম্মাদারী ছিলো না (তারপরও সে লুকিয়ে দেখেছে)। জিহাদী বা শরয়ী কোন প্রকার যিম্মাদারীই তার ছিলো না, যে কারণে চিঠিটি পড়া তার জন্য বৈধ হতে পারতো। সে চিঠিটি এ জন্য পড়ে ছিলো যে, আজকাল লোকেরা কি চিন্তা করছে? শুধু তা জানার জন্য। তো এসব কিছুই এ হাদিসেরই অধীনে অন্তর্ভুক্ত হবে।

একজনের কম্পিউটার খোলা, লোকটি স্বীয় কাজে ব্যস্ত, কোন লেখা লিখছে বা কোন গুরুত্বপূর্ণ জিহাদী কাজ করছে। যখনই কাজ থেকে মন সরে গেল, তখন দেখল যে, তিনি যা লিখছেন, তা একজন দেখছে। এটি স্পষ্টত: চোখের খেয়ানত। চোখের খিয়ানত সম্পর্কে আল্লাহ তা'আলা অবগত। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

يَعْلَمُ خَائِنَةَ الْأَعْيُنِ وَمَا تُخْفِي الصُّدُورُ ﴿غافر: ١٩﴾

"চোখের চুরি এবং অন্তরের গোপন বিষয় তিনি জানেন।" (সূরা গাফির [মু'মিন] : ১৯)

তাহলে বুঝা গেল- বিষয়টি অত্যন্ত গুরুতর ও ভয়াবহ।

নিরাপত্তা সম্পর্কিত কিছু নির্দেশনা

ভাইয়েরা আমার! এরপর দেখুন! কথা হচ্ছে নিরাপত্তা সম্পর্কে। নিরাপত্তা অবলম্বন করা ওয়াজিব। কেন ওয়াজিব? কারণ ফিকহী একটি কায়েদা (নিয়ম) আছে-

مالايتم الواجب إلابه فهو واجب

"যা ছাড়া ওয়াজিব পূর্ণ হয়না, তাও ওয়াজিব।"

একটি কাজ ওয়াজিব বা ফরজে আইন। (যেমন) জিহাদ ফরজে আইন। জিহাদ নামক এ ফরজে আইন যেহেতু নিরাপত্তা অবলম্বন ব্যতীত সম্ভব নয়। তাই নিরাপত্তা অবলম্বন করাও ফরজ।

আল্লাহ তা'আলা বলেন- خُذُوا حِذْرَكُم "তোমরা (নিরাপত্তার জন্য) সব ধরণের উপায়-উপকরণ অবলম্বন কর।" আর আমরা বলি, এটা কোন বিষয়ই নয়! তাহলে আমাদের এ জিহাদ কত দিন চলবে? দেখা যাবে কয়েকদিনের ভিতরেই এটি খতম হয়ে যাবে। আল্লাহ তা'আলা যাদেরকে তাওফীক দিয়েছেন, যারা দীর্ঘ সময় ধরে আমেরিকানদের শায়েস্তা করছেন, আর সারা দুনিয়াব্যাপী আমেরিকানরা তাদের পিছনে ঘুরছে এবং নিজেদের যত উপায়-উপকরণ

আছে, সব তাদের বিরুদ্ধে খরচ করছে। অথচ আল্লাহ তা'আলা (এত বছর পর্যন্ত আমেরিকানদের) তাদের বিরুদ্ধে বিজয় দেননি। কেন দেননি? কি কারণে দেননি?

কারণ, আল্লাহ তা'আলা নির্দেশ দিয়েছেন, যেন তারা আল্লাহ তা'আলার এই হুকুম- خُذُوا حِذْرَكُم এর উপর আমল করে। সে অনুযায়ী তারা সতর্কতা অবলম্বন করেছে, সতর্কতার জন্য যাবতীয় উপায়-উপকরণ অবলম্বন করেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেভাবে দারে আরকামের মত ঘর খোঁজেছে, তারাও সেভাবে খুঁজেছে এবং সেখানে গিয়ে থেকেছে। আলহামদুলিল্লাহ্! দীর্ঘকাল পর্যন্ত আল্লাহ তা'আলা এ সব উপকরণ অবলম্বনের তাওফীক তাদের দিয়েছেন। যতটুকু আল্লাহ তা'আলা তাদেরকে তাওফীক দিয়েছেন, তারা দ্বীনের সাহায্য করেছে এবং জিহাদের কাজ করেছে। যদি তারা যে দিন নাইন ইলেভেন হয়েছে, সে দিন থেকেই বসে থাকতো, তাহলে বিষয়টি কেমন হতো? অনেকে বলে- নিরাপত্তা অবলম্বনের প্রয়োজন নেই! নিরাপত্তা কি জন্যে? জিহাদ করতে করতে শহীদ হয়ে যাব। একথা ঠিক নয়। নিরাপত্তা ও সতর্কতা অবলম্বন করা ওয়াজিব বা ফরজ। আর এ ফরজের মধ্যে কোন ধরণের শিথিলতা, আল্লাহ তা'আলার কিতাব خُذُوا حِذْرَكُم এর হুকুমের সাথে সাংঘর্ষিক। এ শিথিলতা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাত এবং তাঁর হাদিস إستعينوا على قضاء الحوائج بالكتمان এর উপর আমলের পরিপন্থী।

আমার ভাইয়েরা! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদেরকে এমনভাবে তারবিয়ত করেছেন ও শিক্ষা দিয়েছেন যে, তারা সবাই মনে-প্রাণে নিরাপত্তামনস্ক হয়ে গিয়ে ছিলেন। আব্দুল্লাহ ইবনে জাহাশ রাযি.কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ১২ জন সাহাবী দিয়ে বললেন, এই চিঠিটি নাও। তুমি এবং তোমার সাথীগণ দু'দিন সফর করার পর যেখানে পৌঁছাবে, সেখানে গিয়ে চিঠিটি খুলবে। দু'দিন পর্যন্ত চিঠিটি না খুললেও তাতে কি লেখা আছে? তা জানার ইচ্ছা তাদের সবার ছিল, তারপরও তারা খুলে দেখেননি।

কোন সাথীকে যদি বলা হয় যে, জিনিসটি রাখুন, এতদিনের পূর্বে খুলবেন না। তিনি কি না খুলে রেখে দিবেন? তাছাড়া যদি কোন সাথীকে কারো হাওয়ালা করা হয় এবং এর সাথে আমীর সাহেবকে বলা হয়, সাথীদের বলা যাবে না তারা কোথায় যাচ্ছে? তখন কি হয়? তখন বলা হয় আপনার কি আমার উপর আস্থা নেই? আমাকে কি আপনি গোয়েন্দা মনে করেন? আপনার কি মনে হয় আমি খেয়ানত করব? এত বছর হয়েছে, আমি হিজরত করেছি। এতদিন যাবৎ আমি জিহাদ করছি, অথচ আপনি আমার উপর আস্থাই রাখতে পারছেন না..!

এগুলো কত বড় আফসোসের বিষয়! আল্লাহর নবী চিঠিসহ সাহাবীদের পাঠিয়েছেন। অথচ আমীর-মামুর কারোরই জানা নেই, তারা কোথায় যাচ্ছে? মাশাআল্লাহ, তা সত্ত্বেও তারা রওয়ানা হয়ে গেছেন। দু'দিন পর্যন্ত সফর করার পর যখন তারা লক্ষ্যস্থলে পৌঁছালেন। তখন চিঠি খুলে দেখলেন, চিঠিতে লেখা আছে, কুরাইশের কাফেলা ঐদিক দিয়ে যাচ্ছে, তাদের পিছু ধাওয়া কর।

বস্তুত: কোন বিষয় যত গুরুত্বপূর্ণ নয়, তার চেয়ে বেশী গুরুত্বপূর্ণ আমরা তাকে বানিয়ে নেই। এখানে কি এমন গুরুত্বপূর্ণ কারণ পাওয়া যাচ্ছে, যার কারণে সবাইকে বলতে হবে। আসলে আমরা নিজেরাই নিজেদের জিহাদের ক্ষতি করছি? এতে আমাদের অনিচ্ছা সত্ত্বেও দুশমনের ফায়েদা হচ্ছে।

মক্কা বিজয়ের ঘটনাটি হয়তো সবাই জানি। সবাই কোন দিকে যাচ্ছে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাউকে বলেননি। এমনকি এক দু'জন ছাহাবা ব্যতীত অন্য সকল সাহাবার বক্তব্য হলো: তারা কোন দিকে যাচ্ছেন, তারা নিজেরাও জানতেন না। কি আশ্চর্য! রাসূলের সাহাবীগন মক্কা বিজয় করতে যাচ্ছেন, অথচ তাদের নিজেদেরও জানা নেই তারা কোথায় যাচ্ছেন? সীরাতের কিতাবে এসেছে- অংশগ্রহণকারী সাহাবাগণের উক্তি ছিল, মক্কার নমুনা বা চিহ্ন যখন আমাদের নজরে এসেছে, তখন আমরা বলে উঠেছি, ও আচ্ছা! আমরা তাহলে মক্কা যাচ্ছি। এ জন্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাত এবং সাহাবাদের সীরাতের মাঝে আমাদের জন্য অনেক বড় বড় শিক্ষা রয়েছে।

নিরাপত্তা সম্পর্কিত কয়েকটি নীতিমালা।

যিনি নিরাপত্তা মেনে চলেন না তার প্রতি...!

আমাদের একটা বদস্বভাব হল: আমরা অনেকের প্রতি নিরাপত্তা নিয়ে অসন্তুষ্ট হই এবং তার মাধ্যমে পারস্পরিক সম্পর্ক নষ্ট করি। তাই আমি একটু পরে আলোচনা করব যে, নিরাপত্তা অবলম্বনকারীকে কি কি নীতিমালা অনুসরণ করতে হবে? আরও আলোচনা করবো যিনি নিরাপত্তা আবলম্বনকারীর প্রতি মনোকষ্ট পোষণ করেন এবং নিরাপত্তা অবলম্বন করতে নারাজ, তাকে কি কি নীতিমালা অনুসরণ করতে হবে। (ইনশা আল্লাহ)

নিরাপত্তা অবলম্বনকারীর প্রতি যিনি মনোকষ্ট পোষণ করেন, তাকে বলবো, আপনি এর মাধ্যমে অযথা নিজের নেকী নষ্ট করছেন। বিষয়টি আল্লাহর উপর ছেড়ে দিয়ে সুধারণা নিয়ে কাজ করুন। সুধারণা নিয়ে কাজ করতে গিয়ে যদি কেউ আমাদের নিকট পাপী হিসেবে প্রমাণিত হয়, তাহলে তার প্রতি বদধারণা রাখা বৈধ। তাই তার প্রতি বদধারণা রাখা যাবে। কিন্তু আপনি যদি দেখতে পান, কেউ জিহাদ করছে অথবা সে মু'মিন বা মুহাজির, তথাপি সে আপনার সাথে নিরাপত্তা বজায় রেখে চলে। তাহলে ভাই! আমি আপনাকে বলবো, আপনি তার প্রতি সুধারণা রাখুন। অযথা নিজের জিহাদ নষ্ট করবেন না, বিষয়টি আল্লাহ্ তা'আলার উপর ছেড়ে দিন। কারণ লোকটি জিহাদের প্রয়োজনেই নিরাপত্তা মেনে চলছে। মন খারাপ করে হয়তো আপনি তার সাথে তর্ক জুড়ে দিতে পারবেন কিন্তু তাকে পরিবর্তন করতে পারবেন না। বিপরীতে তার মনই খারাপ হয়ে যাবে। সুতরাং এসব ব্যাপারে মূল নীতিমালা হলো: মুমিনের প্রতি সুধারণা পোষণ করা। তবে কোন সুস্পষ্ট আলামত বা নিদর্শনের ভিত্তিতে যদি এর বিপরীত কোন বিষয় সুস্পষ্ট হয়, তাহলে ভিন্ন কথা। কিন্তু আমরা যা করি তা হল, আমরা মু'মিন, মুজাহিদ এবং মুহাজির ভাইদের সাথে এমন আচরণ করি যে, সেখানে বদধারণা-ই হয়ে থাকে মূল বিষয়। তবে যদি এর বিপরীতে তার ভালো হওয়ার কোন দলিল-

প্রমাণ আমাদের সামনে স্পষ্ট হয়, তখন ভিন্ন কথা। এটা কত বড় আফসোসের বিষয়! এই নীতি তো কাফেরের জন্য। কোন মু'মিনের জন্য কখনোই এ নীতি গ্রহণযোগ্য হতে পারে না। **প্রিয় ভাইয়েরা!** উপরোক্ত নীতিমালাটি তার জন্য, যিনি নিরাপত্তা অবলম্বনকারীর প্রতি মনকষ্ট পোষণ করেন। যিনি নিরাপত্তা মেনে চলার কারণে দুঃখিত হন, পেরেশান হন। তার মনে শয়তান ওয়াসওয়াসা সৃষ্টি করে এই বলে যে, অমুক আমাকে সম্মান দেয় না, ইজ্জত করে না। আমাকে তার চেয়ে ছোট মনে করে। আমার কথা হল, আমার কেন এমন মনে হয় যে, আমার মনে যা আসে, তার সবই আসে কল্যাণের ফেরেশতার পক্ষ থেকে। অথচ শয়তান আমার সাথে আছে, আমার নফস আমার সাথে আছে! শয়তান এবং নফসের কাজ-ই হলো পারস্পরিক সম্পর্ক নষ্ট করা। সে মহব্বত চায় না, সে একতা চায় না। এমনিভাবে সে কখনোই এটা চায় না যে, আমরা সবাই এক কাতারবন্দী হয়ে লড়াই করি। সে আরো চায় না যে, মু'মিন একজন আরেকজনকে শক্তিশালী করবে। বরং সে চায় যে, মু'মিন একজন আরেকজনকে ছুড়ে ফেলবে। সে আমাদের সবার অন্তরে ওয়াসওয়াসা সৃষ্টি করে। ওয়াসওয়াসা সৃষ্টি করার পর শুরু হয়-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا أَيُحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ ﴿الحجرات: ١٢﴾

"মু'মিনগণ, তোমরা অনেক ধারণা থেকে বেঁচে থাক। নিশ্চয় কতক ধারণা গোনাহ। এবং গোপনীয় বিষয় সন্ধান করো না। তোমাদের কেউ যেন কারও পশ্চাতে নিন্দা না করে। তোমাদের কেউ কি তারা মৃত ভ্রাতার মাংস ভক্ষণ করা পছন্দ করবে? বস্তুতঃ তোমরা তো একে ঘৃণাই কর। আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ তওবা কবুলকারী, পরম দয়ালু।"(সূরা হুজুরাত : ১২)

এ জাতীয় আয়াতগুলোর বিপরীতে বদগুমানী। তারপর শুরু হয় তার পরবর্তী ধারাবাহিকতা- শুরু হয় একে অপরের দোষ খোঁজা অথচ আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন- وَلَا تَجَسَّسُوا "গোপনীয় বিষয় সন্ধান করো না।" আমি মনে করি, সে আমাকে তুচ্ছ ভাবে, সে আমাকে

এমন মনে করে, তেমন মনে করে। তারপর তার দোষ খোঁজা শুরু করি, তারপর দেখি যে, সে আমার বিরুদ্ধে আর কি কি করছে? এমনিভাবে আল্লাহর বাণী শুনিয়ে সাথীদের বলছি- وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا "তোমাদের কেউ যেন কারও পশ্চাতে গীবত না করে।" কিন্তু এদিকে আমরা গীবত শুরু করি। যখন গীবত শুরু হয়ে যায়, তখন মন ভেঙ্গে যায়। যখন মন ভেঙ্গে যায় তখন (আল্লাহই ভালো জানেন) আরো কত কিছু হয়..! যেমন আল্লাহ তা'আলার তাওফীক উঠে যায়, তার সাহায্য ও সহযোগিতা উঠে যায়। আর যখন আল্লাহ তা'আলার তাওফীক ও সাহায্য উঠে যায়, তখন আমার ব্যক্তিগত কোন ক্ষতি হয় না। বরং ক্ষতি হয় জিহাদের, ক্ষতি হয় উম্মাহর। যখন ক্ষতি হয় উম্মাহর, তখন তার দায় আমার ও আপনার উপরও বর্তায়। কারণ, এ ক্ষতির মূল কারণ আমার ও আপনার বদধারণা, কাজেই আল্লাহ তা'আলাকে আমি কি জবাব দিব?! এ ভেবে ভাইদের প্রতি সুধারণা পোষণ করুন।

নিরাপত্তা ও সতর্কতা

নিতান্ত পরিতাপের বিষয় হল: আমরা বিভিন্ন সময় বিভিন্ন সমস্যার সম্মুখীন হই। আমাদের নিজেদেরই গুনাহের কারণে এবং সে একই কারণে আমরা ক্ষতিগ্রস্থ হই, অনেক মুজাহিদ শহীদ হয়, অনেক মা-বোন জেলে যায়। এ সবের মূল কারণ হল: নিরাপত্তা মেনে না চলা, নিরাত্তার প্রতি খেয়াল না রাখা।

আমার ভাইয়েরা, খেয়াল করুন! আমরা কেন ভুলে যাই যে, আমরা জিহাদের ময়দানে আছি। আমরা এমন সাধারণ কোন দাওয়াতী কার্যক্রমে বের হইনি যে, আমরা (স্বাভাবিকভাবে) অবাধে চলতে পারব, ঘুরতে পারব। আমরা তো তাদেরকে হত্যা করতে বের হয়েছি। আর তারাও আমাদের হত্যা করতে আমাদের মাথার উপর ড্রোন উড়াচ্ছে। তাদের আর আমাদের মাঝে যুদ্ধ চলছে। তারা আমাদের আনসারদের ধরে নিয়ে যাচ্ছে। হেলিকপ্টারে করে ধরে

নিয়ে গিয়ে তাদেরকে মারছে আর বলছে যে, অমুককে তোমার ঘরে কেন আশ্রয় দিয়েছো কেন? (দেখা গেল) আশ্রিত লোকটি এক বছর আগে শহীদ হয়েছে। কিন্তু এক বছর পরও তারা আশ্রয়দাতার বাড়ি গিয়ে তার ঘর জ্বালিয়ে দিচ্ছে, তাদের বাচ্চাদের শহীদ করছে। আর বলছে- যে দু'একজন বেঁচে আছে, তারা কোথায়? তাদের নিয়ে আস। এভাবে আমাদের আনসারদের ঘর-বাড়ি সব ধ্বংস হয়ে যায়। তাই আমাদের উচিত হবে না যে, আমার মন খুশি আছে, তাই যেখানে ইচ্ছা সেখানে যাব, যে ঘরে ইচ্ছা সে ঘরে ঢুকব। যে এলাকায় ইচ্ছা ঘুরে বেড়াবো। আরে ভাই! এটা তো আমার শহর, আমার এলাকা বা আমার দেশ নয়। আমি তো এখানে জিহাদ করতে এসেছি। যে ব্যক্তি জিহাদের ময়দানে এসেছে, তার জন্য এটা সাহসিকতা নয় যে, যখন যুদ্ধ চলবে, শুধু তখনই নিরাপত্তা অবলম্বন করবে। আর যখন সে তার বাড়ী ফিরে যাবে, তখন নিরাপত্তা অবলম্বন করবে না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদিনায় গিয়েও নিরাপত্তার প্রতি খেয়াল রাখতেন। সাহাবাগণ যখন হিজরত করে মদিনায় চলে যান, তখনও দীর্ঘ সময় পর্যন্ত তরবারী খাপে প্রবেশ করাননি। ইহুদী তো তখনও ছিল, তাই সে সময় তারা নিরাপত্তা অবলম্বন করেছেন। এখনও ইহুদীরা আমাদের মাথায় ঝেঁকে বসে আছে। তাই এখনো আমাদেরকে আমাদের পূর্বসূরীদের পদাঙ্ক অনুসরণ করে নিরাপত্তা মেনে চলতে হবে।

নিরাপত্তা ও মনোকষ্ট

কেউ যদি আপনার সাথে নিরাপত্তা মেনে চলে। এর বিপরীতে আপনি তার সাথে তর্ক করেন বা তার বিরুদ্ধে কারো কাছে এ মর্মে অভিযোগ করেন যে, লোকটি নিরাপত্তা মেনে চলে, লোকটি আমাকে সম্মান দেয় না। আমি আপনাকে বলব- আল্লাহর কসম! যদি কেউ আমার

সাথে নিরাপত্তা মেনে চলে, আর আমি তাকে সাহস যোগাই, তাহলে আল্লাহ তা'আলা তার অন্তরে আমার মান-মর্যাদা বৃদ্ধি করে দিবেন। আল্লাহ তা'আলা এমনি বানিয়েছেন মানুষের স্বভাব। যদি আপনি তার সাথে তর্ক করেন এবং তাকে বলেন, তুমি নিরাপত্তা মেনে চল কেন? তাহলে তার অন্তরে আপনার মান-মর্যাদা হ্রাস পাবে। আর যদি আপনি তাকে সাহস যোগান, তাহলে তার অন্তরে আপনার মর্যাদা বৃদ্ধি পাবে। এটা এই জন্যই আমি বলছি যে, যদি আপনি আমার পাশ দিয়ে অতিক্রম করেন, আর আপনার নিরাপত্তায় যেন ব্যঘাত না ঘটে সে বিষয়ের প্রতি আমি খেয়াল রাখি, তাহলে আপনার অন্তরে আমার মর্যাদা কমবে না বরং বাড়বে।

কত বড় বড় ব্যক্তিত্বকে দেখেছি! যাদের নিরাপত্তা অনেক বেশী প্রয়োজন ছিল। তা সত্ত্বেও তারা নিজের চেয়ে তাদের সঙ্গীর নিরাপত্তার ব্যাপারে বেশী সতর্ক থাকতেন।

সুতরাং নিরাপত্তা অবলম্বনকারী তো নিরাপত্তা অবলম্বন করবেনই। কিন্তু যিনি নিরাপত্তার করণে মনোকষ্ট পান, তিনি এ মনোকষ্টকে নেকী লাভের একটা সুযোগ মনে করতে পারেন। এছাড়াও তিনি এও মনে করতে পারেন যে, আল্লাহ তা'আলা এই ধৈর্যের কারণে আমাকে নেকী দিবেন এবং এতে জিহাদেরই লাভ হবে।

আরেকটি বিষয়ের জন্য আপনি কখনো আপনার মন খারাপ করবেন না। সেটি হলো: আগত লোকটির মর্যাদাগত অবস্থান কেমন? তার পরিচয় কি? তিনি যদি শহীদ হন বা গ্রেফতার হন, তাহলে উম্মতের কি ক্ষতি হবে? ধরুন! উসামা বিন লাদেন রহ. এসেছেন। আমি সতর্ক হলাম যে, একজন বড় ব্যক্তি এসেছেন (অথচ অন্যদের ক্ষত্রে আমার মাঝে তেমন সতর্কতা দেখা যায় না)। তাই আমি বলি মূল বিষয় হলো: এই যুদ্ধে যত ক্ষতি হচ্ছে, সে ক্ষতি কার? সে ক্ষতি উসামা বিন লাদেন রহ., আমীরুল মু'মিনীন এবং তার পুরো কাফেলারই ক্ষতি। এটা একা কোন ভাইয়ের ক্ষতি না।

আমার ভাইয়েরা! যারা আমাদের আনসারদের ক্ষতি করে; যে আনসারগণ আমাদের ভাষা বুঝে না, আমাদের কোন লিখনি পড়তে পারে না, আমাদের কোন বিষয়াষয়ও জানে না।

তারপরেও যখন তাদের উঠিয়ে নিয়ে গিয়ে মারপিট করা হয়, তাদের সন্তানদেরকে শহীদ করা হয়, তাদের ঘর-বাড়িগুলো জ্বালিয়ে দেয়া হয় এবং এক/দু'বছর পরপর তাদের নির্যাতনের সম্মুখীন হতে হয়। আমি প্রশ্ন করি. এই ধরণের লোকদের ঘরে যে মুজাহিদ তৈরি হয় তিনি কে? তিনি কি উসামা বিন লাদেন রহ.? না, তিনি আমার আপনার মতই সাধারণ একজন মুজাহিদ ভাই।

